# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৮৬

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

## الفصل الاول

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يُوشِكُ أَنْ يَكُونَ خيرَ مالِ المسلمِ غنمٌ يتبع بهَا شغف الْجِبَالِ وَمَوَاقِعَ الْقَطْرِ يَفِرُّ بِدِينِهِ مِنَ الْفِتَنِ» . رَوَاهُ الْبُخَارِيّ

رواه البخارى (19) ۔
(صَحِيح)

### বাংলা

৫৩৮৬-[৮] আবূ সাঈদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: এমন একটি সময় অতি নিকটবর্তী, যখন মুসলিমদের সর্বোৎকৃষ্ট সম্পদ হবে বকরি, যা নিয়ে পর্বতশৃঙ্গে ও বারিপাতের স্থানসমূহের আশ্রয় গ্রহণ করবে। অর্থাৎ ফিতনাহ্ হতে বাঁচার উদ্দেশে সে স্বীয় দীন নিয়ে পলায়ন করবে। (বুখারী)

### ফুটনোট

সহীহ: বুখারী ১৮, ইবনু মাজাহ ৩৯৮০, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ২৭৩৫, মুওয়াত্তা মালিক ৩৫৫৮, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৭১১৬, সহীহ ইবনু হিব্বান ৫৯৫৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা : আলোচ্য হাদীসে ফিতনার যুগে একজন মু'মিনের শ্রেষ্ঠ সম্পদ আখ্যা দেয়া হয়েছে ছাগল। যা নিয়ে সে পাহাড়ের পাদদেশে গিয়ে নির্জন জীবনযাপন করবে এবং এটিই তাঁর জন্য নিজের ঈমান রক্ষার সর্বোত্তম অবলম্বন। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85364

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন